

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
শিক্ষা মন্ত্রণালয়
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা ১২০৫
(www.naem.gov.bd)

নং নায়েম(এলডি)/১টি ৫০(০২)/পার্ট -৩)২০১০/ ১৬৬৮/৭৫


তারিখ : ০৪/০৬/২৪২২ বঃ
২৮/০৬/২০২৫ খ্রি:

বিষয় : ২৯তম গ্রন্থাগার পরিকল্পনা ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়ন।

আগামী ১ জুলাই থেকে ১৪ জুলাই ২০১৫ তারিখ পর্যন্ত শিক্ষা মন্ত্রণালয়ীয় বিভিন্ন সরকারি এবং এম.পি ও ভুক্ত বেসরকারি কলেজ ও সিনিয়র মাদরাসা পর্যায়ে কর্মরত গ্রন্থাগারিক/সহকারি গ্রন্থাগারিকগণের জন্য আয়োজিত "গ্রন্থাগার পরিকল্পনা, ব্যবস্থাপনা ও উন্নয়ন প্রশিক্ষণ কোর্স" অনুষ্ঠিত হবে। কোর্সে অংশগ্রহণের জন্য তাঁর প্রতিষ্ঠানে কর্মরত গ্রন্থাগারিক/ সহকারি গ্রন্থাগারিক (গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমাধারী) যে কোন ০১ (এক) জনকে মনোনয়ন দেয়ার জন্য অনুরোধ করা হল। মনোনীত ব্যক্তিকে আগামী ১ জুলাই ২০১৫ তারিখ সকাল ৯টায় জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম), নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা- এ উপস্থিতি নিশ্চিতপূর্বক প্রশাসনিক ভবনের নিচ তলায় ওয়ান স্টপ সার্ভিস সেন্টারে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে হবে। নিম্নলিখিত বিষয়সমূহের প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করা হলো :

- মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ এর স্মারক নং মাউশি প্র/বা-ইউ/৫২৮০, তারিখ : ১০/০১/১৯৯৯ অনুসারে এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। সুতরাং গ্রহণযোগ্য কারণ (প্রমাণ সাপেক্ষে) ছাড়া প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করা থেকে বিরত থাকলে তার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।
- কোর্সে অংশগ্রহণকারীকে প্রতিষ্ঠান প্রধানের নিকট থেকে মাসিক মূলবেতন উল্লেখপূর্বক অনুমতিপত্র সংগে আনতে হবে।
- প্রশিক্ষণকালে নায়েম হোস্টেলে আবাসন শূণ্য থাকা সাপেক্ষে বরাদ্দ দেয়া যেতে পারে।
- প্রশিক্ষণকালীন থাকা, খাওয়া ও শিক্ষা সফর খরচ বাবদ জনপ্রতি মোট ৭,০০০/= (সাত হাজার) টাকা সঙ্গে আনতে হবে।
- অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীগণ সরকারি বিধি মোতাবেক দৈনিক ভাতা ও ভ্রমণ ভাতা পাবেন। প্রশিক্ষণ শেষে নায়েম-এ দৈনিক ভাতা ও ভ্রমণভাতা সংক্রান্ত পেশকৃত বিলের অর্থ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হওয়ার পর চেকের মাধ্যমে প্রশিক্ষণার্থীর কর্মস্থলের ঠিকানায় প্রেরণ করা হবে।
- প্রশিক্ষণার্থীকে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক ছাড়পত্র, জাতীয় পরিচয় পত্রের অনুলিপি, ০২(দুই)টি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, কলেজের Education Institute Identification Number (EIIN) এবং এম পি ও শীট এর কপি সঙ্গে আনবে হবে।
- প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের বিষয়টি কোর্স পরিচালকের ই-মেইল (qurrat2007@yahoo.com) অথবা কোর্স সমন্বয়ক জনাব মোশাররফা বেগম (০১৫৫৬৩৫১২০৪) অথবা জনাব মো: রফিকুল ইসলাম (০১৮৭১০৩৯১০২) এর সেল ফোনে ৩০/০৬/২০১৫ তারিখের মধ্যে নিশ্চিত করা না হলে মনোনয়ন বাতিল বলে গণ্য করা হবে।
- যিনি বিগত তিন বছরের মধ্যে এ প্রশিক্ষণ গ্রহণ করেছেন এবং এক বছরের মধ্যে নায়েমে অন্য কোন প্রশিক্ষণ গ্রহণ করেছেন তিনি এ প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবেন না।
- আমন্ত্রণপত্র ও প্রশিক্ষণার্থীর নামের তালিকা নায়েম-এর ওয়েবসাইটে (www.naem.gov.bd) পাওয়া যাবে।
- প্রশিক্ষণ কার্যক্রম সফল করার জন্য সকলের সহযোগিতা কাম্য।

বি.দ্র. আমন্ত্রণ পত্রটি একটি আদেশ হিসেবে বিবেচনা করতে হবে। প্রশিক্ষণে অনুপস্থিতি চাকুরীর শৃঙ্খলার পরিপন্থি বলে বিবেচনা করা হতে পারে।


(প্রফেসর ড. আ. ফ. ম. শফিকুর রহমান)
পরিচালক, প্রশিক্ষণ ও বাস্তবায়ন
ফোন : ০২-৯৬৩৪৩৭৫
e-mail : info@naem.gov.bd


প্রাপক : অধ্যক্ষ

নং নায়েম/ (এলডি)/১টি ৫০ (০২)/পার্ট -৩)/২০১০/ ১৬৬৮/৭৫/০৬)

তারিখ : ০৪/০৬/২৪২২ বঃ
২৮/০৬/২০২৫ খ্রি!

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো :

- মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ শিক্ষা ভবন, ঢাকা।
- পরিচালক/পরিকল্পনা ও উন্নয়ন/ প্রশিক্ষণ ও বাস্তবায়ন/ গবেষণা ও তথ্যায়ন/ প্রশাসন ও অর্থ, নায়েম, ঢাকা।
- মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
- সকল হোস্টেল সুপারিন্টেনডেন্ট, নায়েম, ঢাকা;
- কম্পিউটার প্রোগ্রামার, নায়েম, (প্রশিক্ষণার্থীর তালিকা ও আমন্ত্রণপত্র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- সহকারী পরিচালক (অর্থ), নায়েম, ঢাকা;
- মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নায়েম
- অফিস নথি।


(কুররাতুল আয়েন সফদার)
প্রশিক্ষণ বিশেষজ্ঞ, নায়েম

ও
কোর্স পরিচালক

২৯তম গ্রন্থাগার পরিকল্পনা ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স
মোবাইল : ০১৫৫২৩২৯৬৩৫